# 2018

# ECONOMICS – HONOURS

## Fourth Paper

## (Group – A)

**Full Marks : 50**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**বিভাগ-ক**

১। যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০

(ক) মানব উন্নয়ন সূচক কীভাবে গঠন করা হয়?

(খ) ভারডুর্নের (Verdoorn's) নিয়মটি ব্যক্ত করো।

(গ) PPP অনুপাত নির্ধারণের সাধারণ পদ্ধতিটি কী?

(ঘ) বাণিজ্যের গতিময়তাজনিত লাভ বলতে কী বোঝায়? উদাহরণ দাও।

(ঙ) শিশু মৃত্যুহার ও মোট উর্বরতার হারের সংজ্ঞা দাও।

(চ) প্রকৌশলগত উন্নতিকে কীভাবে তুমি 'হিক্স নিরপেক্ষ' বলে গণ্য করবে?

(ছ) একটি শিক্ষণ রেখা আঁকো এবং এর অর্থনৈতিক তাৎপর্য বিবৃত করো।

(জ) উত্তরণের পর্ব ব্যাখ্যার জন্য তুমি কীভাবে বর্ধনশীল মূলধন-উৎপাদনের অনুপাত এবং বিনিয়োগ-আয় অনুপাতের ধারণাগুলি ব্যবহার করবে?

(ঝ) ঠিকা শ্রমিক এবং দীর্ঘকালীন চুক্তিবদ্ধ শ্রমিকের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

(ঞ) বিশ্বব্যাংক পরামর্শ অনুসারে দারিদ্র্য দূরীকরণের ত্রিমুখী রণকৌশল উল্লেখ করো।

(ট) নিম্নে প্রদত্ত তথ্যসমূহের ভিত্তিতে একজন গ্রামীণ শ্রমিকের প্রচরণ সিদ্ধান্ত নির্ধারণ করো ঃ

(অ) গ্রামীণ মজুরি ঃ দৈনিক ১০০ টাকা, (আ) শহরাঞ্চলে মজুরি ঃ দৈনিক ১৮০ টাকা, (ই) অর্থনীতিতে মোট শ্রমশক্তি = ২০০০ জন, (ঈ) গ্রামে কর্মসংস্থান = ১০০০ জন, (উ) শহরাঞ্চলে কর্মসংস্থান = ৫০০ জন এবং (ঊ) গ্রামে কর্মপ্রাপ্তির সম্ভাবনা = ১।

(ঠ) কুজনেটস্ প্রদত্ত উলটানো — 'U' অনুমানটি ব্যাখ্যা করো।

(ড) লিউইস মডেলে কেন সমস্ত উদ্বৃত্ত শ্রমের জোগান সঙ্গে-সঙ্গে শিল্পক্ষেত্রে সন্নিহিত হয় না?

(ঢ) একটি উদাহরণ সহ বিশ্বায়িত সরকারি দ্রব্যের ধারণা সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ণ) অগ্রগামী সংযুক্তি প্রভাব কী? একটি উদাহরণ দাও।

বিভাগ-খ

যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×৩

২। (ক) অর্থনৈতিক বিকাশের তুলনায় অর্থনৈতিক উন্নয়নের ধারণাটি ব্যাপক — ব্যাখ্যা করো।

(খ) একটি দেশের মাথাপিছু বাস্তব আয়কে সেই দেশের অর্থনৈতিক উন্নয়নের যথার্থ সূচক বলে গণ্য করা যাবে না — তুমি কি এই বক্তব্যের সাথে সহমত? যুক্তি প্রদান করো। ৪+৬

৩। (ক) চিরস্থায়ী উন্নয়নের ধারণাটি ব্যাখ্যা করো।

(খ) এ প্রসঙ্গে একটি দেশের দীর্ঘস্থায়ী নীট জাতীয় উৎপাদন পরিমাপের ক্ষেত্রে 'সবুজ হিসেব' প্রথা আলোচনা করো। ৩+৭

৪। (ক) সামঞ্জস্য বিধানের সমস্যা (Co-ordination Failure)-র পরিপ্রেক্ষিতে 'জোর ধাক্কা' তত্ত্বটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) স্বল্পোন্নত এবং উন্নত দেশগুলিতে প্রকৌশল মনোনয়নের তফাতের ক্ষেত্রে কোন বিষয়গুলি দায়ী? ৫+৫

৫। (ক) স্বল্পোন্নত দেশগুলিতে কৃষির উন্নয়নে কিছু প্রতিবন্ধকতা উল্লেখ করো।

(খ) 'ভূমি-সংস্কার ব্যবস্থাগুলি কৃষির উৎপাদিকা শক্তি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কিন্তু যথেষ্ট নয়' — ব্যাখ্যা করো। ৪+৬

৬। 'মূলধনের সঞ্চিতি' কীভাবে কৃষিক্ষেত্রে 'ক্রমহ্রাসমান প্রতিদান' এবং 'শূন্য প্রান্তিক উৎপাদন'-এর বেড়াজাল থেকে মুক্তির উপায় হিসাবে বিবেচিত হতে পারে, তা একটি ধ্রুপদী 'দ্বৈত অর্থনীতি, মডেলের সাহায্যে সমালোচনামূলক ব্যাখ্যা করো। ১০

[ENGLISH VERSION]

*(Numbers of the margin indicate full marks.)*

**Section–A**

**1.** Answer ***any ten*** questions: 2×10

(a) How is Human Development Index calculated?

(b) State the Verdoorn's law.

(c) What is the common way of constructing a PPP ratio?

(d) What is meant by dynamic gains from trade? Give an example.

(e) Define Infant Mortality Rate (IMR) and Total Fertility Rate.

(f) How can you consider technological progress to be 'Hicks-neutral'?

(g) Draw a Learning Curve and state its economic implication.

(h) How can you use the concepts of incremental capital-output ratio and investment-income ratio to explain the 'take-off' stage?

(i) Distinguish between casual labour and long-term contract labour.

(j) Mention the three-pronged strategy for poverty alleviation as suggested by the World Bank.

(k) Use the following information to determine the migration decision of a rural worker:

(i) Rural wage rate = ₹ 100 per day

(ii) Urban wage rate = ₹ 180 per day,

(iii) Total labour force in the economy = 2000,

(iv) Rural employment = 1000,

(v) Urban employment = 500, and

(vi) Probability of getting rural job =1

(l) Explain the inverted — U hypothesis of Kuznets.

(m) In Lewis Model, why isn't the entire supply of surplus labour absorbed all at once in the industrial sector?

(n) Briefly explain the notion of 'global public goods' with an example.

(o) What is forward linkage effect? Give an example.

**Section–B**

Answer *any three* questions: 10×3

**2.** (a) Economic development is a broader concept than economic growth. — Explain.

(b) Per capita real income of a country can not be considered as the true index of economic development of that country. — Do you agree? Give reasons. 4+6

**3.** (a) Explain the concept of sustainable development.

(b) Discuss in this context the process of 'green accounting' for estimating sustainable Net National Product (NNP) of a country. 3+7

**4.** (a) Explain the relevance of big-push theory in case of co-ordination failure.

(b) What factors are responsible for differences in technological choice between less developed and developed countries? 5+5

**5.** (a) State some of the barriers to agricultural development in less developed countries.

(b) 'Land reform measures are necessary but not sufficient for raising agricultural productivity' — Explain. 4+6

**6.** Critically explain the role of capital accumulation as an escape route for the 'diminishing returns' and 'zero marginal productivity' in agriculture using a classical dual economy model. 10